



নবোদয় রেসিডেন্সিয়াল স্কুল এন্ড কলেজ

গোপালগঞ্জ বাজার, সদর, দিনাজপুর-৫২০০

Website: www.nrscbd.com, E-mail: nrsb.rmo@gmail.com

ভর্তি বিজ্ঞপ্তি-২০২৬

ভর্তি বিজ্ঞপ্তি-২০২৬

ভর্তি বিজ্ঞপ্তি-২০২৬

অত্র প্রতিষ্ঠানে ভর্তিচ্ছুক শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নবোদয় রেসিডেন্সিয়াল স্কুল এন্ড কলেজ-এ নিম্নে বর্ণিত শ্রেণিসমূহে ভর্তির আবেদন ফরম পাওয়া যাচ্ছে।

ক্রমিক নং:	শ্রেণি	বয়স
০১	নার্সারি/শিশু শ্রেণি	৪+ থেকে সর্বোচ্চ ৫ বছর। অনলাইন জন্ম-নিবন্ধন সনদ আবেদন ফরমের সাথে জমা দেয়া বাধ্যতামূলক।
০২	প্রাক-প্রাথমিক শ্রেণি	৫+ থেকে সর্বোচ্চ ৬ বছর। অনলাইন জন্ম-নিবন্ধন সনদ আবেদন ফরমের সাথে জমা দেয়া বাধ্যতামূলক।
০৩	১ম শ্রেণি	১ম শ্রেণির ক্ষেত্রে (১ জানুয়ারি ২০২৬) ৬+ থেকে সর্বোচ্চ ৭ বছর। এ ক্ষেত্রে অনলাইন জন্ম-নিবন্ধন সনদ আবেদন ফরমের সাথে জমা দেয়া বাধ্যতামূলক।
০৪	২য় শ্রেণি-৯ম শ্রেণি	পূর্ববর্তী শ্রেণি অনুযায়ী বয়স বিবেচ্য হবে। এ ক্ষেত্রে অনলাইন জন্ম-নিবন্ধন সনদ আবেদন ফরমের সাথে জমা দেয়া বাধ্যতামূলক।

ভর্তির আবেদন ফরম বিতরণ ও গ্রহণের সময়সূচি:

- ভর্তি ফরম বিতরণ: ০৫-১১-২০২৫ থেকে ২৪-১২-২০২৫ পর্যন্ত (শুক্রবার ব্যতীত) সকল কার্যদিবসে সকাল ৮ টা থেকে বিকাল ৫ টা পর্যন্ত।
- ভর্তি ফরম গ্রহণ / জমা: ভর্তি ফরম বিতরণের নির্ধারিত সময়সীমার যেকোনো দিন পূরণকৃত ফরম জমা দেওয়া যাবে।
- আবেদন/ভর্তি ফরমের মূল্য ১০০ টাকা।

অনলাইনে ভর্তির আবেদন:

সকল শ্রেণির জন্য অনলাইন আবেদন ফরম পূরণ করা যাবে। আবেদন ফরম পূরণের জন্য ওয়েবসাইটের ঠিকানা: www.nrscbd.com। ওয়েবসাইটে প্রবেশ করে 'Apply Now' বাটনে ক্লিক করে আবেদন ফরমের পেইজে যেতে হবে। তারপর ভর্তির আবেদন ফরম পূরণের বিস্তারিত প্রক্রিয়া বা পদ্ধতি পড়ে পূরণ করতে হবে। নিচের দিকে 'Register' বাটনে ক্লিক করে পূরণকৃত ফরম সাবমিট করতে হবে। ফরম সাবমিট হলে রঙিন/কালার প্রিন্ট অথবা স্ক্রীন শট সংরক্ষণ করতে হবে। পরবর্তীতে ভর্তি ফরম বিতরণের নির্ধারিত সময়সীমার যেকোনো দিন উক্ত প্রিন্টকৃত ফরম অফিসে জমা দেওয়া যাবে।

ভর্তির বিষয়ে নির্দেশনা:

- ছাত্র/ছাত্রী ভর্তির জন্য মৌখিক/লিখিত পরীক্ষা ও বয়স নির্ধারণ ইত্যাদি সকল ক্ষেত্রে সরকারি বিধি কার্যকর হবে।
- লটারি / পরীক্ষার তারিখ পরবর্তীকালে জানানো হবে।
- সকল শ্রেণিতে শুধুমাত্র শূন্য আসনের বিপরীতে ভর্তি গ্রহণ করা হবে।
- ভর্তির আবেদন ফরমের সাথে ছাত্র/ছাত্রীর দুই কপি পাসপোর্ট সাইজের ছবি, জন্ম নিবন্ধন সনদ/টিকা কার্ড, পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্র সনদের ফটোকপি আনতে হবে।
- ভর্তি/সাক্ষাৎকারের সময় শিক্ষার্থী ও পিতা/মাতা/অভিভাবককে উপস্থিত থাকতে হবে।

মোঃ রাশেদুজ্জামান

অধ্যক্ষ

নবোদয় রেসিডেন্সিয়াল স্কুল এন্ড কলেজ

[আবেদন ফরম ও ভর্তি সংক্রান্ত যেকোনো প্রয়োজনে যোগাযোগ করুন: ০১৮৯০৩৭৪৩২৩, ০১৭২২৬৪৯০৩৩, ০১৭৫১৪০২৩৫৮]